



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

[www.rajshahieducationboard.gov.bd](http://www.rajshahieducationboard.gov.bd)

স্মারক নম্বর .....

তারিখ: .....

## নোটিশ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি সংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর রায় বাস্তবায়ন প্রসঙ্গে

সূত্র : (ক) মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর ০১/০৬/২০১৬ তারিখের রায়।  
(খ) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭২.৩২.০৪৫.১২.১৬০ তারিখ:০৯/০৮/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর রায়ের ভিত্তিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী কর্তৃক অনুমোদিত যে সকল কলেজের গভর্নিং বডিতে মাননীয় স্থানীয় সংসদ সদস্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯ এর ৫(১) ও ৫(২) ধারা মোতাবেক সভাপতি মনোনীত হয়েছিলেন তাঁদের সভাপতি হিসাবে মনোনয়ন বাতিল করা হয়েছে।

এমতাবস্থায়, সভাপতির উক্ত শূন্য পদ পূরণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯ এর মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক কর্তনকৃত অংশ বাদে ৫ (৩) ধারা মোতাবেক সভাপতি মনোনয়নের জন্য ০৩ (তিন) জন ব্যক্তির নামের তালিকা আগামী ২৫/০৮/২০১৬ তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে রাজশাহী শিক্ষা বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

তরুণ কুমার সরকার  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

মেমো নং- .....

তারিখ: .....

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল :

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩. পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৪. অফিস কপি

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

ফোন: ০৭২১-৭৭৫৯৬৩



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

[www.rajshahieducationboard.gov.bd](http://www.rajshahieducationboard.gov.bd)

স্মারক নম্বর .....

তারিখ: .....

নোটিশ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি সংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর  
রায় বাস্তবায়ন প্রসঙ্গে

সূত্র : (ক) মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর ০১/০৬/২০১৬ তারিখের রায়।  
(খ) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭২.৩২.০৪৫.১২.১৬০ তারিখ:০৯/০৮/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-২০৪৩/২০১৩ এর রায়ের নির্দেশনা মোতাবেক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি গঠন সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯ এর ৫০ ধারা অনুযায়ী অনুমোদিত বিশেষ ধরনের গভর্নিং বডি বাতিল পূর্বক নিয়মিত গভর্নিং বডি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হ'ল।

বর্ণিত প্রবিধানমালা, ২০০৯ এর ৩৯ ধারা মোতাবেক এডহক কমিটি গঠন ও অনুমোদনের লক্ষ্যে সদস্যদের নামের তালিকা আগামী ২৫/০৮/২০১৬ তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

তারুণ কুমার সরকার  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

মেমো নং- .....

তারিখ: .....

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল :

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩. পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৪. অফিস কপি

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

ফোন: ০৭২১-৭৭৫৯৬৩